দৈনিক খবর

তারিখ 03 MAR 1990
পৃষ্ঠা ৫ কলাম ৭

13

৯/

# ৩ জন কলেজ শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

গত ৮ই ফেব্রুয়ারী তারিখের দৈনিক সংবাদে প্রকাশিত ' স্নাতক পরীক্ষার খাতা নিয়ে জালিয়াতি' ও ১০ই ফেব্রুয়ারী তারিখের দৈনিক দেশ পত্রিকায় প্রকাশিত' পরীক্ষার খাতা কেলেংকারিতে চট্টগ্রাম ভার্সিটির কর্মকর্তা ও কর্মচারীরা জড়িত' শীর্ষক শিরোনামে প্রচারিত' সংবাদ দু'টির প্রতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। তথ্য বিবরণী।

খবরে উল্লেখিত কুমিল্লা জেলাস্থ অজিত গুহ কলেজের প্রভাষক রায়হান উদ্দিন, পয়ালগাছা কলেজের প্রভাষক জনাব বাসার খান ও লালমাই কলেজের সহকারী অধ্যাপক জনাব কানন চন্দ্র সাহার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে তাঁদের সরকারী অনুদান ইতিমধ্যে স্থগিত রাখা হয়েছে এবং তাঁদের সাময়িকভাবে বরখাস্তকরণের জন্য সংশ্লিষ্ট কলেজের গভর্নিং বডির চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়েছে। এ ছাড়া বিষয়টি সম্পর্কে সরেজমিনে তদন্তের জন্য তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত টিম গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।